



# বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়  
বাগেরহাট।



দূরালোপনী : অফিস : ০৪৬৮-৬২৫৮৮

E-mail: raobagerhat@krishibank.org.bd

আনিকাবা/প্রশাসন-৪৫/২০২০-২০২১/৪২৯ (৯)

তারিখ : ২৪/০৩/২০২১ ইং

## বিষয়: জানুয়ারি ২০২১ হতে মার্চ ২০২১ পর্যন্ত সময়কালের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : : জনাব সমীর কুমার বাওয়ালী, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাগেরহাট।  
তারিখ ও সময় : : ২৪ মার্চ ২০২১, বিকাল ৪.৩০ ঘটিকা।  
স্থান : : আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাগেরহাট।  
উপস্থিতি : : প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।

সভার শুরুতেই সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্থ বছরের ৩য় প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় সকলকে শুভেচ্ছা জানান। তিনি ২য় প্রান্তিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন এবং সকল সিদ্ধান্ত ১০০% বাস্তবায়নের জন্য অঞ্চলের শাখা ব্যবস্থাপকগণ সহ সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের একান্ত সহযোগিতা কামনা করেন।

০২। সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শেখ সোহরাব হোসেন, কর্মকর্তা এর পরিচালনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ সভা অনুষ্ঠিত হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- ৩.১) সর্বপর্যায়ে হিসাব ও ঋণ ম্যানুয়াল অনুসরণ, কার্যক্ষেত্রে পরিপত্র প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- ৩.২) মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ম্যানুয়াল ২০১৮ পরিপালন নিশ্চিত করতে হবে।
- ৩.৩) ব্যক্তিক ও কর্ম পরিবেশের পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। যথাযথভাবে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- ৩.৪) গ্রাহক সেবা ও সন্তুষ্টি নিশ্চিত হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য নিয়মিতভাবে গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে।
- ৩.৫) সকল প্রকার দুর্নীতির বিরুদ্ধে নিজে সচেতন হতে হবে ও অপরকে সচেতন করতে হবে।
- ৩.৬) নিজের উপর অর্পিত দায়িত্ব দ্রুত ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।
- ৩.৭) অর্থবছরের ১ম ও ২য় প্রান্তিক সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ পরিপালন অব্যাহত রাখতে হবে।
- ৩.৮) উপরোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি ৪র্থ প্রান্তিক সভায় উপস্থাপন করতে হবে।
- ৩.৯) ০৩ নং ক্রমিকের সকল সিদ্ধান্ত অত্র কার্যালয় পরিপালনের জন্য অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

বিকেবি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাগেরহাট